**নির্বাহী প্রকৌশলীর কার্যালয়**
দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মিশন রোড, কসবা, দিনাজপুর।
ফোন অফিস-০৫৩১-৬৩২৫২
মোবাইল নং-০১৩১৮-২৩৫৫৩৬

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**Office of the Executive Engineer**
Dinajpur W.D. Division
BWDB, Mission Road, Kosba, Dinajpur.
Phone: Office-0531-63252
Mobile No.-01318-235536
E-mail: xen.dinajpurbwdb@yahoo.com
xen.dinajpur@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.২৭০০.১৯৪.০৭.০১৬.২৪-১১৩৭

তারিখঃ ২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৪ খ্রিঃ

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য (Works) ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Assistant Director, Regional Accounts Center, BWDB, Thakurgaon) এর অনুকূলে করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। **নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি এবং নবায়নের ফরম সরবরাহ ও গ্রহণ করা হবেনা।** সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তি/নবায়ন দরপত্র আহবান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করেনা।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ ট্রেড লাইসেন্স।<br>২) BIN Certificate (VAT Certificate গ্রহণ যোগ্য হবে না),<br>৩) আবেদনের সাথে ২০২৩-২০২৪ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমাণক প্রদান করতে হবে। জুলাই ২০২৪ খ্রিঃ হতে যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না।<br>৪) আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।<br>৫) বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০ (তিন শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।<br>৬) নতুন তালিকাভুক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র বিজ্ঞপ্তি জারীর পর ঠিকাদারদের ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-২৫.০০ লক্ষ টাকা, পণ্য-৩.০০ লক্ষ টাকা) প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সীর ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহণের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহণযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ও ঠিকানা উল্লেখ থাকতে হবে। |
| ৫। | আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও বরাবর করতঃ আবেদন ফরমে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রাক্কলনিকের নিকট জমা দিতে হবে। |
| ৬। | তালিকাভুক্তিকরণ ও নবায়ন ফি | নতুন তালিকাভুক্তির জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা এবং নবায়নের জন্য ২০০০/- (দুই হাজর) টাকা সাথে ভ্যাট বাবদ ৩০০/- (তিনশত) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও (Assistant Director, Regional Accounts Center, BWDB, Thakurgaon) এর অনুকূলে। |
| ৭। | আবেদনপত্র প্রাপ্তির স্থান | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মিশন রোড, কসবা, দিনাজপুর। |
| ৮। | আবেদনপত্র দাখিল | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মিশন রোড, কসবা, দিনাজপুর। |
| ৯। | আবেদনপত্র (ডকুমেন্ট) বিক্রয় আরম্ভের তারিখ | ০৭-০৭-২০২৪ খ্রিঃ, সকাল ৯.০০ ঘটিকা। |
| ১০। | আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় (তালিকাভুক্তি ও নবায়ন) | ০৫-০৮-২০২৪ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা। |
| ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহিত হবে। | | |

উল্লেখ্য যে, নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন পত্রসমূহ গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

০৭/০৭/২৪
(ফারুক আহমেদ)
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং-৪২.০১.২৭০০.১৯৪.০৭.০১৬.২৪-১১৩৭(৫০)

তারিখঃ ২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, ৭২-গ্রীনরোড, পান্থপথ, ঢাকা-১২১৫।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯, ৭২-গ্রীনরোড, পান্থপথ, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, ৭২ গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৬। জেলা প্রশাসক, দিনাজপুর।

৭। পুলিশ সুপার, দিনাজপুর।

৮। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/স্বাস্থ্য প্রকৌশল/নেসকো-১/২, দিনাজপুর।

৯। নির্বাহী প্রকৌশলী, ঠাকুরগাঁও/পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও/পঞ্চগড়।

১০। নির্বাহী প্রকৌশলী, যান্ত্রিক বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও।

১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, দিনাজপুর পানি উন্নয়ন উপ-বিভাগ-১, বাপাউবো, দিনাজপুর ও সদস্য সচিব, Enlishment কমিটি।

১২। উপ-বিভাগীয় প্রকৌশলী, দিনাজপুর পানি উন্নয়ন উপ-বিভাগ-২/বীরগঞ্জ, বাপাউবো, দিনাজপুর

১৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, ঠাকুরগাঁও পানি উন্নয়ন উপ-বিভাগ-২, বাপাউবো, ঠাকুরগাঁও ও সদস্য, Enlishment কমিটি।

১৪। সহকারী পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঠাকুরগাঁও।

১৫। প্রাক্কলনিক, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর। তাহাকে ঠিকাদার তালিকাভূক্তি ফরম সরবরাহ ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

১৬। উচ্চমান সহকারী, দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর।

১৭। জনাব.............................................................................।

১৮। নোটিশ বোর্ড/অফিস কপি।

০৭/০৭/২৪

নির্বাহী প্রকৌশলী
আইডি নং-৮৪০১২৩০০১।